

# Passport Seva Divas 2020

June 24, 2020

## পাসপোর্ট সেবা দিবস 2020

জুন 24, 2020

24 শে জুন পাসপোর্ট আইন বিধিবদ্ধ হবার উপলক্ষে বিদেশ মন্ত্রক (এমইএ) 24 শে জুন 2020 তারিখে পাসপোর্ট সেবা দিবস (পিএসডি) উদযাপন করেছে। এই ঘটনাকে স্মরণ রাখার জন্য এমইএ একটি বিশেষ কার্যক্রমের আয়োজন করেছিল যেখানে মাননীয় বিদেশমন্ত্রী (ইএএম) ড. এস. জয়শংকর এবং বিদেশ মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী(এমওএস) মাননীয় মুরলীধরন ভিডিও কনফারেন্সের মাধ্যমে পাসপোর্ট আধিকারিকদের ভাষণ প্রদান করেছেন।

তার মুখ্য ভাষণে বিদেশ মন্ত্রী উল্লেখ করেছেন যে, এই সরকারের আমলে গত ছয় বছরে পাসপোর্ট প্রদানে সম্পূর্ণ রূপান্তর ঘটেছে। ভারতে এবং ভারতের বাইরে পাসপোর্ট প্রদান কর্তৃপক্ষের (পিআইএ) দ্বারা 2019 সালে 1,22 কোটিরও বেশী পাসপোর্ট প্রদান করা হয়েছে। ভারতে কার্যরত মোট পাসপোর্ট সেবা কেন্দ্র(পিএসকে)র সংখ্যা হল 517 টি, যার মধ্যে 93 টি রয়েছে পাসপোর্ট সেবা কেন্দ্র(পিএসকে) এবং 424 টি পোস্ট অফিস পাসপোর্ট সেবা কেন্দ্র (পিওপিএসকে)। তিনি উল্লেখ করেছেন যে, দেশের মধ্যে আরও পিওপিএসকে খোলার মাধ্যমে জনগণের কাছে পাসপোর্ট পরিষেবা নিকটতর করার প্রচেষ্টাকে আরও শক্তিশালী করার জন্য এমইএ দৃষ্টি নিবদ্ধ করেছে। বিশ্বব্যাপী প্রচারের অঙ্গ হিসেবে, বিদেশ মন্ত্রক 70 টি পাসপোর্ট মিশন এবং পোস্টকে পাসপোর্ট প্রদান করার জন্য একত্রিত করেছে যেটি বিদেশে 95 শতাংশের বেশী পাসপোর্ট প্রদান করে থাকে। তিনি পুনরায় উল্লেখ করেছেন যে, পাসপোর্ট তৈরির জন্য নিয়ম ও প্রক্রিয়াকে সহজতর করার এই প্রচেষ্টা জারি থাকবে। এ ছাড়াও, আধুনিক প্রযুক্তির ব্যবহারের সুযোগ গ্রহণ করাও উচিত হবে। এম পাসপোর্ট পুলিশ এবং এমপাসপোর্ট সেবা অ্যাপ গ্রাহক সন্তুষ্টি পদ্ধতির উন্নতি ঘটিয়েছে। এই প্রসঙ্গে ই-পাসপোর্ট প্রদান আরও একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হবে।

তার ভাষণে, রাষ্ট্রমন্ত্রী, আমাদের নাগরিকদের উপকারে স্বচ্ছ এবং কার্যকর রূপে পাসপোর্ট প্রদানকে সুনিশ্চিত করার কাজে ভারতে এবং বিদেশে সকল পিআইএ-র প্রচেষ্টার উপরে রেখাপাত করেছেন। তিনি এও বলেছেন যে, একটি বলিষ্ঠ অভিযোগ প্রতিকার পদ্ধতি, যেটি সিপিজিআরএমএস-এ দক্ষতার স্বীকৃতি পেয়েছে, আমাদের পরিষেবা প্রদানে আরও উন্নত হয়েছে।

পরিষেবা প্রদানে পাসপোর্ট অফিস এবং কর্মীদের সর্বোত্তম কাজের জন্য পাসপোর্ট সেবা পুরস্কারের কথা ঘোষণা করা হয়েছে। পাসপোর্ট প্রদানের প্রক্রিয়াতে পুলিশ ভেরিফিকেশন বা সত্যপ্রতিপাদন যেহেতু একটি গুরুত্বপূর্ণ অংশ, তাই পুলিশ দপ্তরকে দ্রুত পুলিশী ছাড়পত্র দেবার প্রচেষ্টা করার জন্য তাদের বিশেষ ভাবে উল্লেখ করা হয়েছে।

নিউ দিল্লি

জুন 24, 2020

**DISCLAIMER:** This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.